

১ নং ওয়ার্ড উন্মুক্ত সভা

তারিখ: ২১/০১/২০২৪, সময়: সকাল: ১০.০০ টা
স্থান: চরপুখুরিয়া বিশ্বাসপাড়া পুরাতন মসজিদ প্রাঙ্গন।

সভাপতি : জনাব মোঃ জসিম শেখ
সদস্য, ১ নং ওয়ার্ড, কামারখালী, ইউনিয়ন পরিষদ।
উপদেষ্টা : জনাব মোছা: মমতাজ বেগম
সংরক্ষিত আসনের মহিলা সদস্য ১, ২ ও ৩ ওয়ার্ড, কামারখালী ইউনিয়ন পরিষদ
সভার তারিখ : ২১/০১/২০২৪ খ্রি:
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিতির হাজিরা পরিশিষ্ট- 'ক' ও 'খ'

অদ্য জনাব মোঃ জসিম শেখ, সদস্য ১ নং ওয়ার্ড, কামারখালী ইউপি, মধুখালী, ফরিদপুর এর সভাপতিত্বে সভার কার্য শুরু হইল। সভার প্রধান অতিথি হিসাবে উপস্থিত আছেন কামারখালী ইউনিয়নের সনামধন্য চেয়ারম্যান জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী এবং ওয়ার্ডের বিভিন্ন পেশার নারী ও পুরুষ। সকলকে আমার পক্ষ থেকে আন্তরিক মোবারকবাদ। আজ এই সভা কেন ডাকা হইয়েছে? তাহা হয়তোবা কেহ অবগত আছেন, কেহ নাই। মিটিং এর উদ্দেশ্যে হইল এলাকার সার্বিক উন্নয়ন করা। আজ আমাদের মাঝে আমাদের চেয়ারম্যান মহোদয়কে পেয়েছি। তাঁর কাছ থেকে আমাদের অনেক চাওয়া পাওয়ার আছে। চেয়ারম্যান মহোদয়কে বক্তব্য দেওয়ার জন্য অনুরোধ করা হইল। বক্তব্যের শুরুতেই ধৈর্য ধরে মিটিং এ উপস্থিত থাকার জন্য ধন্যবাদ দিয়া বক্তব্য শুরু করেন। তিনি বলেন আজ আমরা এখানে সমবেত হয়েছি ওয়ার্ডে সার্বিক উন্নয়নের লক্ষ্যে। আপনারা আপনাদের এলাকার উন্নয়নমূলক চাহিদার কথা বলবেন। ইউপি উন্নয়ন তহবিল কাবিখা/কাবিটা, টিআর, ADP-এর মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন ও ভৌত খাতে উন্নয়ন। সকলকে খোলামেলা কথা বলার সুযোগ দেওয়া হইল। উপস্থিত জনগণের মধ্যে হইতে মোঃ মোকাদ্দেস বিশ্বাস, মোঃ রাশেদ বিশ্বাস এবং ইউপি সদস্য মোছা: মমতাজ বেগম সবার সমস্যার কথা তুলে ধরেন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধিকার এর ভিত্তিতে নিম্নলিখিত স্কীমের তালিকা প্রণয়ন করা হইল।

| ক্র: নং | প্রকল্পের নাম | খাতের নাম | সম্ভাব্য ব্যয় | বাস্তবায়নকাল | মন্তব্য |
|---------|--|-------------|----------------|---------------|---------|
| ০১ | চরপুখুরিয়া বাবলু বিশ্বাসের বাড়ী হইতে মসজিদ পর্যন্ত রাস্তার ইন্টের সোলিং | যোগাযোগ | ৭৫০০০.০০ | ২০২৩-২৪ | আইডিএ |
| ০২ | চর বহালবাড়িয়া বাধ হইতে গোরস্থান পর্যন্ত ইন্টের সোলিং | যোগাযোগ | ৭৫০০০.০০ | ২০২৩-২৪ | |
| ০৩ | চর বহালবাড়িয়া মোল্যাপাড়া মসজিদের উন্নয়ন | যোগাযোগ | ১,২০,০০০.০০ | ২০২৩-২৪ | |
| ০৪ | চর বহালবাড়িয়া গোরস্থানের উন্নয়ন ও পানি নিষ্কাশন নালা | যোগাযোগ | ৮০,০০০.০০ | ২০২৩-২৪ | |
| ০৫ | চরপুখুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় হইতে লাল মিয়ার বাড়ী পর্যন্ত এইচবিবি রাস্তা নির্মাণ | যোগাযোগ | ৮৫,০০০.০০ | ২০২৩-২৪ | |
| ০৬ | মধ্যপাড়া আকরাম মোল্যার বাড়ী হইতে বেড়া বাধ অভিমুখে রাস্তা নির্মাণ | যোগাযোগ | ১,০০,০০০ | ২০২৩-২৪ | |
| ০৭ | ১ নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে নলকূপ স্থাপন | ভৌত | ১,০০,০০০ | ২০২৩-২৪ | |
| ০৮ | যুব মহিলাদের সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন সরবরাহ | কুটির শিল্প | ১,০০,০০০ | ২০২৩-২৪ | |

২। সিদ্ধান্ত: প্রাপ্ত স্কীম/প্রকল্প সমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপরোক্ত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য নিম্নলিখিতভাবে ওয়ার্ড কমিটি ও স্কীম সুপারভিশন কমিটি গঠন করা হইল।

০১ নং ওয়ার্ড কমিটি (WC)

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | মন্তব্য |
|--------------|--------------------------------|-------------------|--------------|---------|
| ০১ | জনাব মোছা: মমতাজ বেগম | ইউপি সদস্য | আহ্বায়ক | |
| ০২ | জনাব মোঃ জসিম শেখ | ইউপি সদস্য | সদস্য সচিব | |
| ০৩ | জনাব বাবু বিশ্বজিৎ দাস | শিক্ষক | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ মোকাদ্দেস বিশ্বাস | গণ্যমান্য ব্যক্তি | ঐ | |
| ০৫ | জনাব মোঃ রাশেদ বিশ্বাস | গণ্যমান্য ব্যক্তি | ঐ | |
| ০৬ | জনাব মোঃ মনিরুল বিশ্বাস | সমাজকর্মী | ঐ | |
| ০৭ | জনাব মোঃ মতিয়ার রহমান বিশ্বাস | বীর মুক্তিযোদ্ধা | ঐ | |

স্কীম সুপারভিশন কমিটি (SSC)

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | মন্তব্য |
|--------------|-----------------------------|-------------------|--------------|---------|
| ০১ | জনাব মোঃ সাহেব মোল্যা | গণ্যমান্য ব্যক্তি | সভাপতি | |
| ০২ | জনাব মোঃ ফিরোজ এলাহী | শিক্ষক | সদস্য সচিব | |
| ০৩ | জনাব মোঃ জিন্নাত আলী মোল্যা | গণ্যমান্য ব্যক্তি | সদস্য | |
| ০৪ | জনাব মোছাঃ নাছিমা বেগম | এনজিও কর্মী | ঐ | |
| ০৫ | জনাব আব্দুস সালাম | ধর্মীয় নেতা | ঐ | |
| ০৬ | জনাব মোছাঃ রূপালী বেগম | সমাজকর্মী | ঐ | |
| ০৭ | জনাব সুশান্ত কুমার দে | SAE | ঐ | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ দিয়া সভার কার্য শেষ করেন।

সভাপতি

//স্বাক্ষরিত//

২১/০১/২০২৪

(মোছাঃ মমতাজ বেগম)

আহ্বায়ক

ও

সংরক্ষিত মহিলা সদস্য, ১, ২ ও ৩ নং ওয়ার্ড

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

বিতরণ:

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
- ৪। চেয়ারম্যান, কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর (স্কীম বা প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। জনাব.....।
- ৬। সংরক্ষণ কপি।



